

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়
লেজিসলেটিভ সাপোর্ট উইং
আইন প্রণয়ন শাখা-১
www.parliament.gov.bd

মঙ্গলবার ২৪ চৈত্র ১৪৩২ মোতাবেক ৭ এপ্রিল ২০২৬
সকাল ১০:৩০ মিনিটে অনুষ্ঠেয় সংসদের বৈঠকের জন্য
দিনের কার্যসূচি

প্রশ্ন

প্রশ্ন জিজ্ঞাসা এবং উত্তর
(স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য, শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, নৌ-পরিবহন মন্ত্রণালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
এবং সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়)

জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মনোযোগ আকর্ষণ (বিধি-৭১)

জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মনোযোগ আকর্ষণ (বিধি-৭১)-এর আওতায় প্রাপ্ত নোটিশসমূহ নিম্নলিখিত।

জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মনোযোগ আকর্ষণ (বিধি-৭১)-এর
গৃহীত নোটিশসমূহের উপর আলোচনা

১। জনাব কামরুজ্জামান কামরুল (সুনামগঞ্জ-১), মাননীয় সদস্য কর্তৃক আনীত 'ধান উঠানোর জন্য হাওরে সাব মার্সিবল সড়ক সংকট' প্রসঙ্গে জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মাননীয় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রীর মনোযোগ আকর্ষণ।

(নোটিশের প্রতিলিপি পৃথকভাবে পরিবেশন করা হইয়াছে)

২। জনাব মোঃ শওকতুল ইসলাম (মৌলভীবাজার-২), মাননীয় সদস্য কর্তৃক আনীত 'অসাধু ব্যবসায়ী কর্তৃক জ্বালানী মজুদ করে কৃত্রিম সংকট সৃষ্টি' প্রসঙ্গে জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মাননীয় বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রীর মনোযোগ আকর্ষণ।

(নোটিশের প্রতিলিপি পৃথকভাবে পরিবেশন করা হইয়াছে)

৩। জনাব আন্দালিভ রহমান (ভোলা-১), মাননীয় সদস্য কর্তৃক আনীত 'ভোলা-বরিশাল সেতু নির্মাণের মাধ্যমে ভোলা জেলার সাথে সারা দেশের সড়ক যোগাযোগ স্থাপন এবং সার্বিক উন্নয়ন ত্বরান্বিতকরণে জরুরি ব্যবস্থা গ্রহণ' প্রসঙ্গে জরুরী জন-গুরুত্বসম্পন্ন বিষয়ে মাননীয় সড়ক পরিবহন ও সেতু মন্ত্রীর মনোযোগ আকর্ষণ।

(নোটিশের প্রতিলিপি পৃথকভাবে পরিবেশন করা হইয়াছে)

আইন-প্রণয়ন কার্যাবলী

১(ক)। জনাব আমির খসরু মাহমুদ চৌধুরী, মাননীয় অর্থ মন্ত্রী, পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এর অধিকতর সংশোধনকল্পে আনীত একটি বিল [পাবলিক প্রকিউরমেন্ট (সংশোধন) বিল, ২০২৬] উত্থাপনের জন্য অনুমতি প্রার্থনা করিবেন।

১(খ)। অনুমতি মঞ্জুর করা হইলে তিনি বিলটি উত্থাপন করিবেন।

২(ক)। জনাব মোঃ শহীদউদ্দীন চৌধুরী এ্যানি, মাননীয় পানি সম্পদ মন্ত্রী, হাওর ও জলাভূমি সুরক্ষা, সংরক্ষণ ও উন্নয়নের লক্ষ্যে বিধান প্রণয়নের উদ্দেশ্যে আনীত একটি বিল [বাংলাদেশ হাওর ও জলাভূমি সংরক্ষণ বিল, ২০২৬] উত্থাপনের জন্য অনুমতি প্রার্থনা করিবেন।

২(খ)। অনুমতি মঞ্জুর করা হইলে তিনি বিলটি উত্থাপন করিবেন।

২(গ)। জনাব মোঃ শহীদউদ্দীন চৌধুরী এ্যানি, মাননীয় পানি সম্পদ মন্ত্রী, প্রস্তাব করিবেন যে, হাওর ও জলাভূমি সুরক্ষা, সংরক্ষণ ও উন্নয়নের লক্ষ্যে বিধান প্রণয়নের উদ্দেশ্যে আনীত বিলটি [বাংলাদেশ হাওর ও জলাভূমি সংরক্ষণ বিল, ২০২৬] অবিলম্বে বিবেচনার জন্য গ্রহণ করা হউক।

২(ঘ)। জনাব মোঃ শহীদউদ্দীন চৌধুরী এ্যানি, মাননীয় পানি সম্পদ মন্ত্রী, প্রস্তাব করিবেন যে, হাওর ও জলাভূমি সুরক্ষা, সংরক্ষণ ও উন্নয়নের লক্ষ্যে বিধান প্রণয়নের উদ্দেশ্যে আনীত বিলটি [বাংলাদেশ হাওর ও জলাভূমি সংরক্ষণ বিল, ২০২৬] পাস করা হউক।

রাষ্ট্রপতির ভাষণ সম্পর্কে আনীত ধন্যবাদ প্রস্তাব

মহামান্য রাষ্ট্রপতির ভাষণ সম্পর্কে আনীত ধন্যবাদ প্রস্তাবের উপর আলোচনা।

ঢাকা,
২৩ চৈত্র ১৪৩২
৬ এপ্রিল ২০২৬

ব্যারিস্টার মো: গোলাম সরওয়ার ভূঁইয়া
সচিব।